অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/17/2022 **গভর্নর ক্যাথি হোকল**

ORDA ভেন্যুগুলোতে 2022-23 আলপাইন ও নরডিক স্কিইং এর মৌসুম চালু হওয়ার তারিখ সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

গোরে ও বেলেয়ারি মাউন্টেনের স্কি এলাকাগুলো আগামীকাল থেকে চালু হবে; অন্যান্য বিশ্বমানের ভেন্যু এই মাসে চালু হবে

নিউ ইয়র্কের 16 বিলিয়ন ডলারের শীতকালীন পর্যটন শিল্পকে সহায়তা করার জন্য উন্নয়ন, সংস্কার, স্নোমেকিং এর জন্য নিউ ইয়র্ক স্টেটের বিনিয়োগকে অনুসরণ করছে

এছাড়া আসন্ন লেক প্লাসিড 2023 FISU ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমসেও সহায়তা করছে; টিকেট পাওয়া যাবে এখানে

গভর্নর ক্যাথি হোকল আজ অলিম্পিক আঞ্চলিক উন্নয়ন কর্তৃপক্ষ (Olympic Regional Development Authority) কর্তৃক পরিচালিত কয়েকটি স্কি ভেন্যু চালু হওয়ার মধ্য দিয়ে 2022-23 আলপাইন ও নরডিক স্কিইং মৌসুম চালু হওয়ার কথা ঘোষণা করেছেন। এসব ভেন্যু - যার মধ্যে নর্থ ক্রিকে গোরে মাউন্টেন, হাইমাউন্টের বেলেয়ারি মাউন্টেন, উইলমিংটনের হোয়াইটফেস মাউন্টেন, এবং লেক প্লাসিডের মাউন্ট ভ্যান হুভেনবার্গ অন্তর্ভুক্ত রয়েছে - উন্নয়ন, সংস্কার ও স্নোমেকিং অবকাঠামোতে বিনিয়োগের পরে শীতকালীন মৌসুমের আগেই এই মাসে চালু হবে। নিউ ইয়র্কের 16 বিলিয়ন ডলারের শীতকালীন পর্যটন শিল্পকে সহায়তা করার পাশাপাশি, এসব উন্নয়ন আসন্ন লেক প্লাসিড 2023 FISU শীতকালীন ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমসে সহায়তা করবে, যেটি 2023 সালের 12 জানুয়ারি থেকে 22 জানুয়ারি পর্যন্ত অনুষ্ঠিত হবে।

"এসব বিশ্ব-মানের স্কি এলাকা চালু হওয়ার মধ্য দিয়ে, নিউ ইয়র্ক এটির 16 বিলিয়ন ডলারের শীতকালীন পর্যটন শিল্পের সবচেয়ে ব্যস্ত মৌসুমে প্রবেশ করছে," **বলেছেন গভর্নর হোকল।** "আমরা আমাদের শীতকালীন ক্রীড়ার ফ্যাসিলিটিগুলোতে, আমাদের অবকাঠামো উন্নত করতে, সেগুলোকে স্কি মৌসুমের জন্য প্রস্তুত করে তুলতে, এবং ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমসের আগেই সেগুলোর প্রয়োজনীয় উন্নতি সম্পন্ন করতে 550 মিলিয়ন ডলারেরও বেশি বিনিয়োগ করেছি। এসব মাউন্টেনের ঢালে আবারো ভিজিটরদের স্বাগত জানাতে পেরে আমি রোমাঞ্চিত এবং আগামী বছর লেক প্লাসিডে নিউ ইয়র্ক স্টেটের ইতিহাসে অন্যতম সর্ববৃহৎ শীতকালীন ক্রীড়া ইভেন্টে যোগদানের জন্য আমি সবাইকে উৎসাহিত করছি।"

ORDA-এর স্কি ফ্যাসিলিটিগুলোতে এসব বিনিয়োগ ও উন্নয়ন নিউ ইয়র্ক স্টেটের পর্যটন শিল্পের অব্যাহত পুনরুদ্ধারে সহায়তা করবে। নিউ ইয়র্ক স্টেট গত ছয় বছরে ORDA ফ্যাসিলিটিগুলোতে মোট 552 মিলিয়ন ডলার বিনিয়োগ করেছে। গত শীতেকালে, নিউ ইয়র্ক 68.5 মিলিয়ন ভিজিটরকে স্বাগত জানিয়েছে, যা ভিজিটরদের সরাসরি খরচের মাধ্যমে 16.1 বিলিয়ন ডলার অর্থ নিয়ে এসেছে। নিউ ইয়র্ক স্টেটের উপর ORDA-এর অর্থনৈতিক প্রভাব সর্বশেষ 2019-2020 অর্থবছরে হিসেব করা হয়েছিল 273.6 মিলিয়ন ডলার, যা পূর্বে 2016-2017 অর্থবছরে হিসেব করা 156 মিলিয়ন ডলারের চেয়ে 75 শতাংশ বেশি।

ORDA ক্রমশ এটির স্কি এলাকাগুলোতে স্নোমেকিং অবকাঠামো উন্নত করে চলেছে, বিশেষ করে গত দশ বছরে। এসব উন্নয়ন স্নোমেকিং কাজের কর্মদক্ষতা বৃদ্ধি করেছে, যা মাউন্টেনগুলোকে অনুকূল তাপমাত্রায় মৌসুমের শুরুতেই জায়গাগুলো খুলে দেওয়ার সুযোগ করে দিয়েছে। এসব আধুনিকায়িত ব্যবস্থা, যেগুলো আরো বেশি কার্যকরভাবে জ্বালানি কাজে লাগাচ্ছে, ORDA-এর পুরস্কার-বিজয়ী টেকসই উদ্যোগগুলোর একটি গুরুত্বপূর্ণ অংশ।

নিউ ইয়র্ক স্টেট অলিম্পিক আঞ্চলিক উন্নয়ন কর্তৃপক্ষের প্রেসিডেন্ট ও CEO মাইক প্র্যাট বলেন, "অ্যাডিরনড্যাকস ও ক্যাটস্কিলসে আরো একটি চমৎকার শীতকালীন মৌসুমের জন্য ভেন্যু চালু করতে পেরে আমরা উচ্ছসিত। স্নোমেকিং শুরু হওয়ার পর থেকে আমাদের টিম অসাধারণ অগ্রগতি অর্জন করেছে, এবং আমরা আমাদের স্কিয়ার ও স্নোবোর্ডারদের স্বাগত জানানোর জন্য তৈরি আছি।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development)-এর ভাইস প্রেসিডেন্ট এবং এক্সিকিউটিভ ডিরেক্টর অব ট্যুরিজম রস ডি. লেভি বলেন, "নিউ ইয়র্কে ভ্রমণ করার জন্য শীতকাল সবসময়ই একটি অসাধারণ সময় হিসেবে রয়ে গেছে, যেখানে দেশের অন্য যেকোনো স্টেটের তুলনায় বেশি স্কি এরিয়া রয়েছে। ORDA-এর বিশ্ব-মানের স্কি ফ্যাসিলিটিগুলো, স্টেটজুড়ে অসংখ্য বেসরকারি স্কি এরিয়ার সঙ্গে মিলে একটি নজিরবিহীন স্কিইং অভিজ্ঞতা অর্জনের সুযোগ তৈরি করে। স্নোমোবাইল ও শীতকালীন কার্নিভাল থেকে শুরু করে আইস ওয়াইন টেস্টিং ও স্পা গেটওয়ে থেকে আসন্ন FISU ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমস পর্যন্ত বিভিন্ন ক্রিয়াকলাপের মধ্য দিয়ে ভিজিটররা এখানে এসে শীতকালীন আল্টিমেট ওয়ান্ডারল্যান্ডের অংশ হতে পারবেন এবং নিউ ইয়র্ক স্টেটে তাদের পছন্দের বিষয়গুলো খুঁজে নিতে পারবেন।"

এই মাসে নিম্নলিখিত ভেন্যুগুলো চালু হওয়ার সময়সূচি নির্ধারণ করা হয়েছে:

- শুক্রবার, 18ই নভেম্বর - গোরে মাউন্টেন ও বেলেয়ারি মাউন্টেন
- শনিবার, 19 নভেম্বর - হোয়াইটফেস মাউন্টেন
- বুধবার, 23 নভেম্বর - মাউন্ট ভ্যান হোভেনবার্গ

গোরে, হোয়াইটফেস, ও বেলেয়ারি রবিবার, 20 নভেম্বর পর্যন্ত খোলা থাকবে, অধিকতর প্রস্তুতি সম্পন্ন করার জন্য সপ্তাহের মাঝামাঝি সময়ে বন্ধ থাকবে, এবং এরপর শুক্রবার, 25 নভেম্বরে এই মৌসুমের জন্য পুনরায় খুলবে। প্রতিটি ভেন্যু সম্পর্কে বিস্তারিত তথ্য নিচে দেওয়া হলো।

গোরে মাউন্টেন
এই মৌসুমে নতুন সংযোজন হচ্ছে ব্যাকউডস (যা জানুয়ারিতে খুলবে), যেটি বার্ন্ট রিজ মাউন্টেনের উপর থেকে শুরু হয়ে বার্কইটার গ্লেডস-এর সমান্তরালে চলে যাওয়া একটি মধ্যবর্তী ট্রেইল। এই ট্রেইল রোয়ারিং রক ব্রিজের উপরের চূড়ায় গিয়ে শেষ হয়েছে এবং এটি লিটল গোরে মাউন্টেন এবং নর্থ ক্রিক স্কি বোল-এ দ্রুততর এবং আরো বেশি প্রত্যক্ষ অ্যাক্সেস প্রদান করছে। ব্যাকউড, শোকেস, আনকাস, প্যারাডক্স, পিসফুল ভ্যালি, ও চ্যাটিম্যাক-এ 230টিরও বেশি নতুন উচ্চ-কর্মদক্ষতা সম্পন্ন স্নো গান স্থাপন করা হয়েছে।

গোরে মাউন্টেন FISU গেমসের জন্য ফ্রিস্টাইল, ফ্রিস্কি, বিগ এয়ার, ও স্নোবোর্ড স্ল্যালম প্রতিযোগিতা আয়োজন করবে। এই বিশ্ব-মানের ইভেন্টের জন্য সাজানো এই মাউন্টেন জনসাধারণের জন্য স্কিইং, রাইডিং, ও পর্যবেক্ষণের জন্য খোলা থাকবে। ক্রুরা অনুমোদিত স্লোপস্টাইল এবং বর্ডারক্রস কোর্স উন্নয়ন করেছে, যা স্নোমেকিং বৃদ্ধি করেছে এবং জায়গা সম্প্রসারণ করেছে। এই মৌসুম জুড়ে আলপাইন ইভেন্ট এবং চিত্তবিনোদনমূলক স্কিয়ার ও রাইডারদের সুযোগ দেওয়ার জন্য ভেন্যুর ব্যস্ত ক্যালেন্ডার সামাল দেওয়ার জন্য বর্ধিত স্নোমেকিং সক্ষমতার মাধ্যমে FIS-সার্টিফাইড রেস ট্রেইল, ইকোও শক্তিশালী করে তোলা হয়েছে।

আরো তথ্যের জন্য, গোরে মাউন্টেনে তুষার সংক্রান্ত রিপোর্ট দেখুন।

হোয়াইটফেস মাউন্টেন
এই মৌসুমের নতুন সংযোজন হলো অজেবল রান, ওয়ারহর্স কোয়াড লিফট থেকে বের হওয়া একটি বিগিনার ট্রেইল, এবং ইয়েলো ডট, ভিক্টোরিয়ার চূড়াকে লোয়ার স্কাইওয়ার্ড এর সঙ্গে সংযুক্ত করা একটি এক্সপার্ট ট্রেইল। হোয়াইটফেস 35,000 ফুট নতুন পাইপ, 160টি উচ্চ-দক্ষতাসম্পন্ন স্নো গান, এবং 245টি নতুন হাইড্র্যান্ট ইনস্টল করেছে। সেইসাথে, দুইটি নতুন পিস্টেন বুলি গ্রুমার ফ্লিটে যোগ দিয়েছে।

হোয়াইটফেস মাউন্টেন স্কিয়ার ও রাইডারদের জন্য এটির উদ্বোধনী দিনের জন্য এবং লেক প্লাসিড 2023 FISU শীতকালীন ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমসের ইভেন্ট আয়োজনের জন্য প্রস্তুতি নিচ্ছে, যেখানে এটি আলপাইন প্রতিযোগিতাগুলো আয়োজন করবে। এরপরে, হোয়াইটফেস আলপাইনে NCAA রিজিওনালস এবং ন্যাশনাল চ্যাম্পিয়নশিপ, এম্পায়ার স্টেট গেমস এবং অন্যান্য আঞ্চলিক রেস সহ বেশ কিছু প্রতিযোগিতা আয়োজন করবে। স্কিইং ও রাইডিং ইভেন্টের তারিখগুলোতে এই মাউন্টেন জনসাধারণের জন্য উন্মুক্ত থাকবে, এবং দর্শকরা নতুন নকশাকৃত অ্যান্ড্রু ওয়েইব্রেক্ট ফিনিশ এরিয়া থেকে ইভেন্টগুলো দেখতে পারবে। রেস এরিয়ার আরো উন্নয়নের মধ্যে ফ্রিওয়ে লিফট, টাইমিং ও রেডিও সিস্টেম, এবং ফিনিশ বিল্ডিং এ বিদ্যুৎ সরবরাহ উন্নত করা অন্তর্ভুক্ত রয়েছে।

আরো তথ্যের জন্য, হোয়াইটফেস মাউন্টেন স্নো রিপোর্ট দেখুন।

বেলেয়ারি মাউন্টেন
বেলেয়ারি মাউন্টেন বাড়তি 60,000 ফুট নতুন পাইপ ও একটি নতুন স্নোমেকিং পাম্প ইনস্টল করেছে, এবং 300টি উচ্চ-দক্ষতাসম্পন্ন স্নো গান ফ্লিটে যোগ করেছে। ডিসকভারি লজের প্রধান

ফ্লোরে উপরের তলায় স্থানান্তরিত হওয়া একটি নতুন খুচরা দোকানের জায়গা অতিথিদেরকে একটি ভিউ সহ একটি নতুন কেনাকাটার অভিজ্ঞতা প্রদান করবে।

আরো তথ্যের জন্য, বেলেয়ারি মাউন্টেন স্নো রিপোর্ট দেখুন।

মাউন্ট ভ্যান হোভেনবার্গ

মাউন্ট ভ্যান হোভেনবার্গ রূপান্তরের কাজ 2020 সালে সম্পন্ন হয়েছে, যা একটি বিশ্ব-মানের ফ্যাসিলিটি এবং প্রশিক্ষণ ও রেসিং এর জন্য 5 কিলোমিটার দীর্ঘ চ্যাম্পিয়নশিপ-রেটেড ক্রস-কান্ট্রি স্কিইং ট্রেইল প্রদান করবে। উচ্চ-কর্মদক্ষতা সম্পন্ন স্নো গান ও হাইড্র্যান্টের সংখ্যা থেকে শুরু করে এটির রিজারভয়েরের ধারণক্ষমতার মধ্য দিয়ে এসব ট্রেইল অসাধারণ স্নোমেকিং সক্ষমতা বহন করছে, যা একটি নরডিক সেন্টারের জন্য সর্বাধুনিক স্নোমেকিং সুবিধা প্রদান করছে।

নিউ ইয়র্ক স্টেটের বিনিয়োগের কারণে, ORDA একাধিক বিশ্বকাপ প্রতিযোগিতা আয়োজন করবে। সম্প্রতি, মাউন্ট ভ্যান হোভেনবার্গ 2026 সালের জন্য ইন্টারন্যাশনাল বায়াথলন ইউনিয়ন (IBU) কাপ আয়োজনের সুযোগ পেয়েছে। এছাড়াও 16-18 ডিসেম্বর তারিখে মাউন্ট ভ্যান হোভেনবার্গ স্লাইডিং সেন্টারে ববস্টেড ও স্কেলেটনে ইন্টারন্যাশনাল ববস্টেড এন্ড স্কেলেটন ফেডারেশন (IBSF) ওয়ার্ল্ড কাপ আয়োজিত হবে, এবং 2023 সালের 10-12 ফেব্রুয়ারি তারিখে এই শীতে এটির সিস্টার ভেন্যু, অলিম্পিক জাম্পিং কমপ্লেক্স-এ FIS স্কি জাম্পিং ওয়ার্ল্ড কাপ আয়োজিত হবে।

আরো তথ্যের জন্য, মাউন্ট ভ্যান হোভেনবার্গ স্নো রিপোর্ট দেখুন।

হোয়াইটফেস, বেলেয়ারি ও গোরে মাউন্টেনে স্কিইং ও রাইডিং এর জন্য SKI3 সিজন পাস সর্বোচ্চ নমনীয়তা ও সাশ্রয় প্রদান করে। পাসের জন্য 7 ডিসেম্বর পর্যন্ত সেরা রেট পাওয়া যাবে। এক দিনের টিকেটও মৌসুমের সর্বনিম্ন দামে পাওয়া যাবে এবং এই শীতে পছন্দের দিনটির জন্য অগ্রীম ক্রয় করে রাখতে হবে।
লেক প্লাসিড 2023 FISU ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমসের টিকিট lakeplacid2023.com ঠিকানায় পাওয়া যাবে।

স্টেটজুড়ে স্কিইং এবং অন্যান্য শীতকালীন ক্রিয়াকলাপ সম্পর্কিত তথ্য iloveny.com/winter এবং iskiny.com. ঠিকানায় পাওয়া যাবে। স্কি NY (Ski NY) এবং ক্রস-কান্টি স্কি এরিয়াজ অব NY (Cross-Country Ski Areas of NY)-এর সৌজন্যে সমগ্র নিউ ইয়র্ক স্টেটের জন্য আপডেটকৃত ডাউনহিল ও ক্রস-কান্ট্রি স্কি রিপোর্ট 1-800-ILOVENY নম্বরে এবং iloveny.com লিংকে পাওয়া যাবে।

###